গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
শেরপুর সরকারি কলেজ, শেরপুর

তারিখ ঃ ০৭/০২/২০২৩ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা শেরপুর সরকারি কলেজের স্নাতক (পাস), স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে "আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা" অনুষ্ঠিত হবে। উক্ত সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের বাছাই পর্ব আগামী ০৯/০২/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার সকাল ১১:০০ টায় শিক্ষক পরিষদ মিলনায়তনে সম্পন্ন হবে। ক্রীড়া প্রতিযোগিতার বাছাই পর্ব ১২/০২/২০২৩ খ্রি. তারিখ রবিবার সকাল ১০:০০ টায় কলেজ মাঠে সম্পন্ন হবে। বিস্তারিত কলেজের ওয়েবসাইটে প্রদর্শিত হয়েছে।

7/2/23

(শিব শংকর কারুয়া)
সহযোগী অধ্যাপক, রাষ্ট্রবিজ্ঞান বিভাগ
ও
আহবায়ক
আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা পরিচালনা
কমিটি-২০২৩
শেরপুর সরকারি কলেজ, শেরপুর

জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

সূত্র নং-০১(৩১৫)জাতীঃবিঃ/প্রশাঃ/৯৪/১/২৭৪৬

তারিখ: ২৮শে পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১২ই জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

'আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩' সংক্রান্ত বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজের অধ্যক্ষবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, অধিভুক্ত কলেজসমূহের স্নাতক (পাস ও সম্মান), স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যয়নরত নিয়মিত ছাত্র-ছাত্রীদের অংশগ্রহণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেশব্যাপী **'আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩'** আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। প্রতিযোগিতায় অংশগ্রহণের লক্ষ্যে অধিভুক্ত কলেজসমূহের ইভেন্টওয়ারী প্রতিযোগীবৃন্দকে নিজ নিজ কলেজ অধ্যক্ষের মাধ্যমে পর্যায়ক্রমে উপজেলা, জেলা ও বিভাগীয় ভেন্যু কলেজের অধ্যক্ষের নিকট নিম্নোক্ত ছক অনুযায়ী ইভেন্টওয়ারী নামের তালিকা, কলেজ পরিচয়পত্র ও প্রয়োজনীয় কাগজপত্র আগামী ১৮ই জানুয়ারি ২০২৩ তারিখের মধ্যে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এর একটি অনুলিপি registrar_nu92@yahoo.com, council@nu.edu.bd এবং phy.edu.nu@gmail.com ই-মেইলে প্রেরণ করতে হবে।

প্রতিযোগিতা অনুষ্ঠানের তারিখ ও ভেন্যু নিম্নে দেয়া হলো।

(ক) উপজেলা পর্যায়ে ঃ ২২/০১/২০২৩ থেকে ২৯/০১/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(খ) জেলা পর্যায়ে ঃ ০৬/০২/২০২৩ থেকে ১৩/০২/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
(গ) বিভাগীয় পর্যায়ে: ২০/০২/২০২৩ থেকে ২৮/০২/২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।
(ঘ) চূড়ান্ত প্রতিযোগিতা: ০৩/০৩/২০২৩ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে।
(ঙ) পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান: ০৪/০৩/২০২৩ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে।

প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য তালিকা প্রেরণের নমুনা ছক:

ক্রমিক নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল নং	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নং	ইভেন্টের নাম	জন্ম তারিখ	প্রতিযোগীর ছবি (স্টাম্প সাইজ)	প্রতিযোগীর স্বাক্ষর	প্রতিযোগীর মোবাইল নম্বর

প্রতিযোগিতার ফলাফলের তালিকা প্রেরণের নমুনা ছক:

ক্রমিক নং	প্রতিযোগীর নাম	বিষয়/বিভাগ	ক্লাস রোল নং	শিক্ষাবর্ষ	রেজিস্ট্রেশন নং	ইভেন্টের নাম	জন্ম তারিখ	ফলাফল	প্রতিযোগীর ছবি (স্টাম্প সাইজ)	প্রতিযোগীর মোবাইল নম্বর

বিশেষ দ্রষ্টব্য: **ইভেন্টওয়ারী আলাদা তালিকা প্রস্তুত করতে হবে।**

প্রতিযোগিতার ইভেন্টসমূহ নিম্নরূপ:

১. সংস্কৃতি প্রতিযোগিতা: ক) রবীন্দ্র সঙ্গীত খ) নজরুল সঙ্গীত গ) দেশাত্মবোধক গান ঘ) লোকগীতি, ঙ) আবৃত্তি চ) একক বা দ্বৈত অভিনয় ছ) নৃত্য (একক) জ) সৃজনশীল দলীয় নৃত্য এবং ঝ) উপস্থিত বক্তৃতা।

২. ক্রীড়া প্রতিযোগিতা (ছেলে ও মেয়েদের ক্ষেত্রে আলাদাভাবে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে):
ক) ১০০ মিটার দৌড় খ) ২০০ মিটার দৌড় গ) লং জাম্প ঘ) হাই জাম্প ঙ) শট পুট চ) চাকতি নিক্ষেপ ছ) ফুটবল জ) ক্রিকেট ঝ) ব্যাডমিন্টন ঞ) টেবিল টেনিস ট) হকি ঠ) দাবা ড) হ্যান্ডবল ঢ) ক্যারাম ণ) ভলিবল ত) বাস্কেটবল থ) সাঁতার (ফ্রিস্টাইল ও ব্রেস্টস্ট্রোক) এবং দ) কাবাডি।
*সাঁতারের ক্ষেত্রে নিকটস্থ ক্রীড়া কমপ্লেক্সের সাথে যোগাযোগ করে প্রতিযোগিতার ব্যবস্থা নেয়া যেতে পারে।

৩. বিতর্ক প্রতিযোগিতা: **দলীয় বিতর্ক নির্ধারিত বিষয়ে।**

৪. উপজেলা পর্যায়ে ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক অধিভুক্ত কলেজসমূহ নিজ ব্যয়ে ও নিজ উদ্যোগে প্রতিযোগিতা আয়োজন করবে। উপজেলা পর্যায়ে প্রতিযোগিতায় অংশগ্রহণকারী অধিভুক্ত কলেজের ইভেন্টওয়ারী প্রতিযোগীদের মধ্যে ১ম স্থান অধিকারী/দলের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই নিজ উদ্যোগে ও নিজ ব্যয়ে সংশ্লিষ্ট জেলার নির্ধারিত ভেন্যু কলেজ কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন এবং এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/বাহক মারফত/e-mail: registrar_nu92@yahoo.com, council@nu.edu.bd এবং phy.edu.nu@gmail.com এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় প্রেরণ করবেন।

৫. জেলা পর্যায়ে প্রতিটি অধিভুক্ত কলেজ থেকে ইভেন্টওয়ারী প্রতিযোগীদের ১ম স্থান অধিকারী/দলের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই **ভেন্যু কলেজের অধ্যক্ষ** সংশ্লিষ্ট বিভাগীয় পর্যায়ের নির্ধারিত কলেজ কেন্দ্রের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/বাহক মারফত e-mail: registrar_nu92@yahoo.com, council@nu.edu.bd এবং phy.edu.nu@gmail.com এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এই ঠিকানায় প্রেরণ করবেন।
দেশের নিম্নবর্ণিত ৬৪টি কলেজে জেলা পর্যায়ের **'আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩'** অনুষ্ঠিত হবে।

৬. **জেলা পর্যায়ে ভেন্যু ও কলেজের নামের তালিকা:**

ক্রমিক নং	বিভাগের নাম	জেলার নাম	যে সব কলেজে জেলা পর্যায়ের ভেন্যু হিসেবে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে
১.	ঢাকা বিভাগ	ঢাকা	ঢাকা কমার্স কলেজ
২.		গাজীপুর	ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
৩.		নরসিংদী	নরসিংদী সরকারি কলেজ
৪.		মুন্সীগঞ্জ	সরকারি হরগঙ্গা কলেজ
৫.		মানিকগঞ্জ	সরকারি দেবেন্দ্র কলেজ
৬.		নারায়ণগঞ্জ	সরকারি তোলারাম কলেজ
৭.		ফরিদপুর	সরকারি রাজেন্দ্র কলেজ

৮.		গোপালগঞ্জ	বঙ্গবন্ধু সরকারি কলেজ
৯.		রাজবাড়ী	রাজবাড়ী সরকারি কলেজ
১০.		মাদারীপুর	সরকারি নাজিম উদ্দিন কলেজ
১১.		শরীয়তপুর	শরীয়তপুর সরকারি কলেজ
১২.		কিশোরগঞ্জ	গুরুদয়াল সরকারি কলেজ
১৩.		টাঙ্গাইল	সরকারি সা'দত কলেজ
১৪.	ময়মনসিংহ বিভাগ	ময়মনসিংহ	আনন্দ মোহন কলেজ
১৫.		নেত্রকোণা	নেত্রকোণা সরকারি কলেজ
১৬.		শেরপুর	শেরপুর সরকারি কলেজ
১৭.		জামালপুর	সরকারি আশেক মাহমুদ কলেজ
১৮.	বরিশাল বিভাগ	বরিশাল	সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ
১৯.		পিরোজপুর	সরকারি সোহরাওয়ার্দী কলেজ
২০.		বরগুনা	বরগুনা সরকারি কলেজ
২১.		ঝালকাঠি	ঝালকাঠি সরকারি কলেজ
২২.		পটুয়াখালী	পটুয়াখালী সরকারি কলেজ
২৩.		ভোলা	ভোলা সরকারি কলেজ
২৪.	রংপুর বিভাগ	পঞ্চগড়	সরকারি মকবুলার রহমান কলেজ
২৫.		ঠাকুরগাঁও	ঠাকুরগাঁও সরকারি কলেজ
২৬.		দিনাজপুর	দিনাজপুর সরকারি কলেজ
২৭.		কুড়িগ্রাম	কুড়িগ্রাম সরকারি কলেজ
২৮.		লালমনিরহাট	লালমনিরহাট সরকারি কলেজ
২৯.		নীলফামারী	নীলফামারী সরকারি কলেজ
৩০.		রংপুর	রংপুর সরকারি কলেজ
৩১.		গাইবান্ধা	গাইবান্ধা সরকারি কলেজ
৩২.	রাজশাহী বিভাগ	বগুড়া	সরকারি আজিজুল হক কলেজ
৩৩.		জয়পুরহাট	জয়পুরহাট সরকারি কলেজ
৩৪.		পাবনা	সরকারি এডওয়ার্ড কলেজ
৩৫.		সিরাজগঞ্জ	সিরাজগঞ্জ সরকারি কলেজ
৩৬.		রাজশাহী	সরকারি শিক্ষক প্রশিক্ষণ কলেজ
৩৭.		চাঁপাইনবাবগঞ্জ	নবাবগঞ্জ সরকারি কলেজ
৩৮.		নওগাঁ	নওগাঁ সরকারি কলেজ
৩৯.		নাটোর	নবাব সিরাজ উদ্ দৌলা (এনএস) সরকারি কলেজ
৪০.	খুলনা বিভাগ	কুষ্টিয়া	কুষ্টিয়া সরকারি কলেজ
৪১.		মেহেরপুর	মেহেরপুর সরকারি কলেজ
৪২.		চুয়াডাঙ্গা	চুয়াডাঙ্গা সরকারি কলেজ
৪৩.		যশোর	সরকারি মাইকেল মধুসূদন কলেজ
৪৪.		নড়াইল	নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজ
৪৫.		ঝিনাইদহ	কেশব চন্দ্র (কেসি) সরকারি কলেজ
৪৬.		মাগুরা	সরকারি হোসেন শহীদ সোহরাওয়ার্দী কলেজ
৪৭.		সাতক্ষীরা	সাতক্ষীরা সরকারি কলেজ
৪৮.		খুলনা	সরকারি মহিলা কলেজ, খুলনা
৪৯.		বাগেরহাট	সরকারি প্রফুল্ল চন্দ্র (পিসি) কলেজ
৫০.	চট্টগ্রাম বিভাগ	কক্সবাজার	কক্সবাজার সরকারি কলেজ
৫১.		বান্দরবান	বান্দরবান সরকারি কলেজ
৫২.		রাঙ্গামাটি	রাঙ্গামাটি সরকারি কলেজ
৫৩.		চট্টগ্রাম	চট্টগ্রাম সরকারি মহিলা কলেজ
৫৪.		খাগড়াছড়ি	খাগড়াছড়ি সরকারি কলেজ
৫৫.		ফেনী	ফেনী সরকারি কলেজ
৫৬.		নোয়াখালী	নোয়াখালী সরকারি কলেজ
৫৭.		লক্ষ্মীপুর	লক্ষ্মীপুর সরকারি কলেজ
৫৮.		চাঁদপুর	চাঁদপুর সরকারি কলেজ
৫৯.		কুমিল্লা	কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ
৬০.		ব্রাহ্মণবাড়ীয়া	ব্রাহ্মণবাড়ীয়া সরকারি কলেজ
৬১.	সিলেট বিভাগ	হবিগঞ্জ	বৃন্দাবন সরকারি কলেজ
৬২.		মৌলভীবাজার	মৌলভীবাজার সরকারি কলেজ
৬৩.		সিলেট	সরকারি মদন মোহন কলেজ
৬৪.		সুনামগঞ্জ	সুনামগঞ্জ সরকারি কলেজ

৭. বিভাগীয় পর্যায়ে প্রতিটি অধিভুক্ত কলেজ থেকে ইভেন্টওয়ারী প্রতিযোগীদের ১ম স্থান অধিকারী/দলের নাম প্রতিযোগিতা সমাপ্ত হওয়ার পরপরই ভেন্যু কলেজের অধ্যক্ষ সংশ্লিষ্ট চূড়ান্ত প্রতিযোগিতা ভেন্যু কলেজ/শিক্ষা প্রতিষ্ঠানের অধ্যক্ষ বরাবর প্রেরণ করবেন। এর একটি অনুলিপি সেদিনই ডাকযোগে/বাহকমারফত/ e-mail: registrar_nu92@yahoo.com, council@nu.edu.bd এবং phy.edu.nu@gmail.com -এর মাধ্যমে রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

এই ঠিকানায় প্রেরণ করবেন।

দেশের নিম্নবর্ণিত ৮টি কলেজে ভেন্যু হিসেবে বিভাগীয় পর্যায়ের '**আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩**' অনুষ্ঠিত হবে।

বিভাগীয় পর্যায়ের ক্রীড়া প্রতিযোগিতার ভেন্যু

ক.	**ঢাকা বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, সাভার, ঢাকা	খ.	**চট্টগ্রাম বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, চট্টগ্রাম
গ.	**রাজশাহী বিভাগ**- রাজশাহী কলেজ	ঘ.	**খুলনা বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা
ঙ.	**সিলেট বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, সিলেট	চ.	**বরিশাল বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, বরিশাল
ছ.	**রংপুর বিভাগ**- বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্র, দিনাজপুর	জ.	**ময়মনসিংহ বিভাগ**- সরকারি টিচার্স কলেজ(পুরুষ), ময়মনসিংহ

বিভাগীয় পর্যায়ের সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতার ভেন্যু

ক.	**ঢাকা বিভাগ**- ঢাকা সিটি কলেজ, ঢাকা	খ.	**চট্টগ্রাম বিভাগ**- চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম
গ.	**রাজশাহী বিভাগ**- রাজশাহী সরকারি মহিলা কলেজ	ঘ.	**খুলনা বিভাগ**- সরকারি ব্রজলাল (বিএল) কলেজ
ঙ.	**সিলেট বিভাগ**- সরকারি মুরারি চাঁদ কলেজ, সিলেট	চ.	**বরিশাল বিভাগ**- সরকারি ব্রজমোহন কলেজ
ছ.	**রংপুর বিভাগ**- সরকারি বেগম রোকেয়া কলেজ, রংপুর	জ.	**ময়মনসিংহ বিভাগ**- মুমিনুন্নিসা সরকারি মহিলা কলেজ

৮. জেলা ও প্রশাসনিক বিভাগ ভিত্তিক ছাত্র-ছাত্রীদের ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজনের সম্ভাব্য ব্যয় নির্বাহে উল্লিখিত ৬৪টি কলেজ/ভেন্যু এবং ৮টি বিভাগের ৮টি কলেজ/ ভেন্যুকে সম্ভাব্য ব্যয় নির্বাহে সহযোগিতা দানের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে থোক আর্থিক অনুদান প্রদান করা হবে।

৯. প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে অবশ্যই জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজ/প্রতিষ্ঠানসমূহের নিয়মিত ছাত্র-ছাত্রী হতে হবে। ১ম বর্ষ ডিগ্রী পাস, অনার্স বা মাস্টার্স/অন্যান্য কোর্সে ভর্তি হয়েও কোন ছাত্র-ছাত্রী রেজিস্ট্রেশন না পেয়ে থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রী অধ্যক্ষের প্রত্যয়নপত্রের ভিত্তিতে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে। তবে প্রাইভেট রেজিস্ট্রেশনধারী অনিয়মিত কোন ছাত্র-ছাত্রী ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে না। একজন প্রতিযোগী সর্বোচ্চ ০২ (দুই) টি ইভেন্টে প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবে।

১০. সংস্কৃতি প্রতিযোগিতায় ইভেন্টভিত্তিক প্রার্থী নির্বাচনের জন্য সর্বাধিক ৩টি বিচারক প্যানেল (উদাহরণস্বরূপ নির্ধারিত বিষয়ে উপস্থিত বক্তৃতার জন্য ১টি, সকল প্রকার সঙ্গীতের জন্য ১টি, নৃত্যের জন্য ১টি বিচারক প্যানেল) গঠন করা যেতে পারে। প্রতিটি বিচারক প্যানেলে ৩ জন সদস্য থাকবেন। কলেজ অধ্যক্ষ বা তাঁর মনোনীত প্রতিনিধি প্রতিটি বিচারক প্যানেলের আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। বিভাগীয় পর্যায়ে শিল্পকলা একাডেমি থেকে ০১ জন বিশেষজ্ঞ এবং স্থানীয় পর্যায়ের ০১ জন বিশিষ্ট শিল্পী/সাংস্কৃতিক ব্যক্তিত্ব বিচারক প্যানেলের সদস্য হিসেবে দায়িত্ব পালন করতে পারবেন।

১১. ক্রীড়া প্রতিযোগিতায় ইভেন্টভিত্তিক বিজয়ী প্রতিযোগী নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল নির্ধারণ করবেন। সেক্ষেত্রে একজন বিভাগীয়/জেলা ক্রীড়া পরিষদের মনোনীত ও অপর একজন ভেন্যু কলেজ ব্যতীত মনোনয়ন করবেন।

১২. বিতর্ক প্রতিযোগিতায় বিজয়ী দল নির্বাচনের জন্য সংশ্লিষ্ট ভেন্যু কলেজের অধ্যক্ষ তাঁর নিজ কলেজের একজনসহ ০৩ (তিন) সদস্যবিশিষ্ট বিচারক প্যানেল নির্ধারণ করবেন, যাদের মধ্যে একজন হবেন স্থানীয় পর্যায়ের বিশিষ্ট শিক্ষাবিদ/লেখক/প্রাক্তন বিতার্কিক এবং অপরজনকে ভেন্যু কলেজ ব্যতীত অন্য কলেজের শিক্ষক থেকে মনোনয়ন দিতে হবে।

১৩. চূড়ান্ত সংস্কৃতি প্রতিযোগিতা **সরকারি সংগীত কলেজ, আগারগাঁও,** ঢাকায় ০৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হবে।

১৪. চূড়ান্ত ক্রীড়া প্রতিযোগিতা বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি), জিরানী, সাভার, ঢাকায় ০৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হবে।

১৫. চূড়ান্ত বিতর্ক প্রতিযোগিতা **নটরডেম কলেজ, ঢাকায়** ০৩/০৩/২০২৩ তারিখ অনুষ্ঠিত হবে।

১৬. বিভাগীয় পর্যায়ে প্রতিটি ইভেন্টে প্রতিযোগিতায় প্রথম, দ্বিতীয় ও তৃতীয় স্থান অর্জনকারী প্রতিযোগী/দলকে পুরস্কার প্রদান করা হবে। তবে প্রত্যেক বিভাগ থেকে প্রতিটি ইভেন্টে শুধুমাত্র প্রথম স্থান অর্জনকারী প্রতিযোগী/দল চূড়ান্ত প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। চূড়ান্ত পর্যায়ের প্রতিযোগিতায় প্রতিটি ইভেন্টে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী/দলকে একটি অনুষ্ঠানের মাধ্যমে পুরস্কার ও সনদ বিতরণ করা হবে।

১৭. জাতীয় বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের পরিচালক স্ব স্ব বিভাগে অনুষ্ঠেয় **আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩** আয়োজনের কাজে সম্পৃক্ত থাকবেন।

১৮. **আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩** পরিচালনার ক্ষেত্রে কোন বিষয়ে সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষগণ অথবা তাঁর মনোনীত প্রতিনিধি জাতীয় বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার-এর সাথে যোগাযোগ ও পরামর্শক্রমে সিদ্ধান্ত গ্রহণ করবেন। এ ক্ষেত্রে কোন সমস্যা উদ্ভূত হলে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

উল্লিখিত নীতিমালা ও নির্ধারিত সময়সূচী অনুযায়ী '**আন্তঃকলেজ ক্রীড়া, সংস্কৃতি ও বিতর্ক প্রতিযোগিতা ২০২৩**' সুষ্ঠু ও যথাযথভাবে আয়োজন করার জন্য আপনাদের সর্বাত্মক সহযোগিতা একান্ত কাম্য।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে,

12.01.23

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার
টেলিফোন- ৯৯৬৬৯১৫১৬
মোবাইল- ০১৭১১ ৮৮৯ ৯৬৯
e-mail: registrar_nu92@yahoo.com

সূত্র নং-০১(৩১৫)জাতীঃবিঃ/প্রশাঃ/৯৪/১/২৭৪৬

তারিখঃ ২৮শে পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
১২ই জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অধ্যক্ষ/ভেন্যু প্রধান, বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কলেজ/ শিক্ষা প্রতিষ্ঠান
২. পরিচালক, অর্থ ও হিসাব দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৩. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৪. পরিচালক, পরিবহন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৫. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৬. পরিচালক, শারীরিক শিক্ষা দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৭. পরিচালক, আঞ্চলিক কেন্দ্র সমন্বয় দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
৮. পরিচালক, চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর আঞ্চলিক কেন্দ্র, জাতীয় বিশ্ববিদ্যালয়
৯. উপ-রেজিস্ট্রার ও সচিব, ভাইস-চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১০. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১১. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১২. সহকারী রেজিস্ট্রার, রেজিস্ট্রার এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
১৩. অফিস কপি।

12/01/2023

(জয়ন্ত ভট্টাচার্য)
সদস্য-সচিব, গঠিত সংশ্লিষ্ট কমিটি
ও
পরিচালক
মানবসম্পদ উন্নয়ন ও শুদ্ধাচার দপ্তর
ফোন : ৯৯৬৬৯১৫৫১
ফ্যাক্স : ৯৯৬৬৯১৫৪৮
মোবাইল : ০১৭৭৭৭৮৯০৪৮
আইপি: ২১২২১৩০
e-mail: council@nu.edu.bd